

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৭/২০১৪

অভিযোগকারী : জনাব দেলাওয়ার বিন সিরাজ  
২/২ আর কে মিশন রোড  
ঢাকা-১২০৩।

প্রতিপক্ষ : জনাব এস এম আনিসুজ্জামান  
সহকারী মহাব্যবস্থাপক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়  
সেনা কল্যাণ ভবন, ৫ম তলা, মতিঝিল বা/এ,  
ঢাকা-১০০০।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ০২-০৩-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব এস এম আনিসুজ্জামান বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) বিগত ৫ বছরে CSR তহবিল হইতে কোন কোন প্রতিষ্ঠান/ ব্যক্তিকে কত টাকা প্রদান করা হইয়াছে উহার নাম ঠিকানাসহ লিখিত বিবরণী।
- খ) বিগত ৫ বছরে জনসংযোগ বিভাগ থেকে ১০,০০০/- টাকার উর্দ্ধে কোন কোন প্রতিষ্ঠানকে কত টাকার ডিসপেন্ডে বিজ্ঞাপন প্রদান করা হয়েছে তার বিবরণী।
- গ) উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব রুহুল আলম বেসিক ব্যাংকে যোগদানের পর থেকে কতবার পদোন্নতি লাভ করেছেন। যোগদান ও পদোন্নতির তারিখ এবং যোগ্যতা উল্লেখ পূর্বক উহার লিখিত বিবরণী
- ঘ) বেসিক ব্যাংক লিঃ এর নিয়োগ বিধি, পদোন্নতি ও এ সংক্রান্ত বোর্ডের ক্ষমতা ইত্যাদি বিধিমালার টাইপকৃত বিবরণী বা সত্যায়িত ফটোকপি।
- ঙ) বিগত ৫ বছরে কয়টি নতুন শাখা খোলা হয়েছে এবং প্রতিটি শাখায় ব্যয় কত টাকা উহার বিবরণী।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০১-০৪-২০১৪ তারিখে বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব জনাব মোঃ কাজী ফখরুল ইসলাম বরাবরে জিইপি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৫-০৫-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৫-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ও প্রতিপক্ষ বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব এস এম আনিসুজ্জামান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ:প্:দ্র:)

০৫। বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থিত ০৫ বছরের তথ্যাদি প্রদান করা অনেক সময় সাপেক্ষ ব্যাপার। এ বিষয়টি বিবেচনা করার জন্য তিনি কমিশনকে অনুরোধ জানান।

০৬। অভিযোগকারীর প্রার্থিত তথ্যের মধ্যে ‘ক’ ও ‘খ’ ক্রমিকের ০৬ মাসের তথ্য, ‘গ’ ও ‘ঘ’ ক্রমিকের সকল তথ্য এবং ‘ঙ’ ক্রমিকের শুধু বিগত ৫ বছরে কয়টি নতুন শাখা খোলা হয়েছে তার তথ্য প্রদান করতে হবে। এছাড়া ‘ঙ’ ক্রমিকের অবশিষ্ট তথ্য সংশ্লিষ্ট শাখায় চাওয়া যেতে পারে মর্মে কমিশন অভিমত ব্যক্ত করেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থিত ০৫ বছরের তথ্যাদি প্রদান করা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর জন্য অনেক সময় সাপেক্ষ ব্যাপার। অভিযোগকারীর প্রার্থিত তথ্যের মধ্যে ‘ক’ ও ‘খ’ ক্রমিকের ০৬ মাসের তথ্য, ‘গ’ ও ‘ঘ’ ক্রমিকের সকল তথ্য এবং ‘ঙ’ ক্রমিক নম্বরের শুধু বিগত ৫ বছরে কয়টি নতুন শাখা খোলা হয়েছে তার তথ্য প্রদানযোগ্য। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৭-০৮-২০১৪ তারিখ বা তদপূর্বে অনুচ্ছেদ ০৬ এর নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার